সমকাল
তারিখ ১৮ JUN 2017
পৃষ্ঠা ১৯ কলাম ৬

# ঢাবি, জাবি ও চবির বাজেট ঘোষণা

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ অর্থবছরের বাজেট ঘোষণা করা হয়েছে। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়গুলোর বার্ষিক সিনেট অধিবেশনে এ বাজেট ঘোষণা করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৭-১৮ অর্থবছরে ৬৬৪ কোটি ৩৭ লাখ টাকার বাজেট প্রস্তাব করা হয়েছে। পেনশনে ব্যয় কমে আসায় এবার প্রস্তাবিত বাজেটে বরাদ্দ বাড়ানো হয়েছে শিক্ষা সহায়কসহ অন্যান্য খাতে। তবে গবেষণা খাতে মোট বাজেটের মাত্র ২ শতাংশ ১৪ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে।

গতকাল ঢাবির নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বার্ষিক সিনেট অধিবেশনে বাজেট উত্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মো. কামাল উদ্দিন। উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অধিবেশনে অংশ নেন উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক নাসরীন আহমাদ, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক মো. আখতারুজ্জামান। বাজেটের ওপর আলোচনায় অংশ নেন সিনেট সদস্যরা। অধিবেশন সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. এনামুজ্জামান।

বাজেট প্রস্তাবনায় দেখা যায়, গত বছরের তুলনায় এবার পেনশনে বরাদ্দ কমেছে ৪৪ কোটি টাকা। বিদায়ী ২০১৬-১৭ অর্থবছরে এ খাতে বরাদ্দ ছিল ১৫০ কোটি টাকা, যা এবার হয়েছে ১০৬ কোটি টাকা। বিদায়ী অর্থবছরের বাজেটে শিক্ষা সহায়ক খাতে বরাদ্দ ছিল ৫৫ কোটি এক লাখ টাকা। এবার বরাদ্দ দেওয়া হয়েছে ৭০ কোটি ৮৫ লাখ টাকা। তবে গবেষণা খাতে এবার বরাদ্দের পরিমাণ ১৪ কোটি ➡ পৃষ্ঠা ৪ : কলাম ২

## ঢাবি, জাবি ও চবির বাজেট

[১৯ পৃষ্ঠার পর]

টাকা, যা মোট বাজেটের ২ শতাংশ। অবশ্য বিদায়ী অর্থবছরে এ খাতে বরাদ্দ ছিল সাড়ে আট কোটি টাকা।

২০১২-১৩ অর্থবছরে ঘাটতি ছিল ১২ শতাংশ, এবারের বাজেটে তা মাত্র ১ দশমিক ৭৭ শতাংশ। বেতন-ভাতার জন্য এবার বরাদ্দ রাখা হয়েছে ৪১৭ কোটি ৫৯ লাখ ২২ হাজার টাকা। এ খাতেই ব্যয় হবে বাজেটের প্রায় ৭৯ শতাংশ। বাজেটের আয়ের উৎস বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) অনুদান দেবে ৬১০ কোটি ১০ লাখ টাকা আর নিজস্ব আয় থেকে আসবে ৪২ কোটি ৫৫ লাখ টাকা।

বাজেট প্রস্তাবনা শেষে কোষাধ্যক্ষ অধ্যাপক মো. কামাল উদ্দিন কয়েকটি প্রস্তাব তুলে ধরেন। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, সান্ধ্যকালীন ও বিভিন্ন প্রশিক্ষণ প্রোগ্রাম কর্মকাণ্ডের ওপর বিশদ প্রতিবেদন উপাচার্যের কাছে জমা দেওয়া, এসব কোর্সের আয় থেকে বিশ্ববিদ্যালয় যে ৩০ শতাংশ পায় তা বাড়িয়ে ৪০ শতাংশ করা, নতুন বিভাগ চালুর কমপক্ষে তিন বছরের মধ্যে সান্ধ্যকালীন কোর্স শুরু না করা এবং চাকরির নিয়োগ পরীক্ষার অর্জিত আয় থেকে ১০ শতাংশ বিশ্ববিদ্যালয়ের তহবিলে জমা না দিলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া।

অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের সবচেয়ে পুরনো আবাসিক হল শহীদুল্লাহ হলের নাম পরিবর্তন করে 'ড. মুহম্মদ শহীদুল্লাহ হল' রাখার প্রস্তাব গৃহীত হয়। বাজেট আলোচনায় অংশ নিয়ে সিনেট সদস্য অধ্যাপক লুৎফর রহমান আগামী শিক্ষাবর্ষকে 'নৈতিক শিক্ষাবর্ষ' হিসেবে ঘোষণার প্রস্তাব করেন।

এর আগে সিনেট অধিবেশনের অভিভাষণে উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, দেশের জন্য দক্ষ মানবসম্পদ তৈরিই উচ্চশিক্ষার মূল লক্ষ্য। কিন্তু একালে সেই বোধ ও অবস্থান থেকে আমরা সরে এসেছি। এখন আমাদের প্রত্যাশা, শিক্ষার্থীর মানসিকতার পরিবর্তন ঘটানো, তাদের মধ্যে এমন বোধ ও অনুভূতি সৃষ্টি করা, যাতে তারা যে কোনো সমস্যা সমাধানে সক্ষম হয়ে ওঠে।

**জাবি প্রতিনিধি** জানান, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) সিনেট হলে গতকাল অনুষ্ঠিত বাজেট অধিবেশনে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আবুল খায়ের ২০১৬-১৭ অর্থবছরের ২০৯ কোটি ৮২ লাখ টাকার সংশোধিত বাজেট এবং ২০১৭-১৮ অর্থবছরের জন্য ২৩২ কোটি পাঁচ লাখ টাকার প্রস্তাবিত মূল বাজেট উপস্থাপন করেন।

বাজেটে আয় হিসেবে ইউজিসি থেকে পাওয়া যাবে ২১৩ কোটি ৩৫ লাখ টাকা। আর বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৮ কোটি ৭০ লাখ টাকা। অধিবেশনে সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলাম। ধন্যবাদ জ্ঞাপন করেন উপ-উপাচার্য আবুল হোসেন। অধিবেশন পরিচালনা করেন রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক।

**চবি প্রতিনিধি** জানান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ২০১৭-১৮ অর্থবছরের জন্য ২৯৫ কোটি ২০ লাখ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের সিনেট সভায় এ বাজেট ঘোষণা করেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. কামরুল হুদা।

বাজেট ঘোষণায় বলা হয়, ইউজিসি থেকে বরাদ্দ দেওয়া হয়েছে ২৯৫ কোটি ২০ লাখ টাকা। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় ধরা হয়েছে ২০ কোটি ৫০ লাখ টাকা। গত অর্থবছরের সংশোধিত বাজেট ২৭৭ কোটি ৪৫ লাখ টাকা। বাজেটের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতায় বরাদ্দ রাখা হয়েছে সর্বোচ্চ ১৯১ কোটি ৮০ লাখ টাকা। শিক্ষা ও গবেষণায় বরাদ্দ মাত্র দুই কোটি টাকা, যা বাজেটের শূন্য দশমিক ৬৮ শতাংশ।

চবি উপাচার্য অধ্যাপক ড. ইফতেখার উদ্দিন চৌধুরীর সভাপতিত্বে এ সময় ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, সংসদ সদস্য মইনউদ্দীন খান বাদল ও ওয়াসিকা আয়শা খান, চবি উপ-উপাচার্য ড. শিরীন আখতার এবং সিনেটের সদস্যরা এ সময় উপস্থিত ছিলেন। ইউজিসির চেয়ারম্যান এ সময় বলেন, বিশ্ববিদ্যালয় হচ্ছে গবেষণার মৌলিক জায়গা। শুধু নতুন বিভাগ ও অনুষদ খুললেই হবে না, বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণা বাড়াতে হবে।